- > Be worshipper of a deity who can give you both material and spiritual blessings. I am talking about your titular deity or Ishta. Don't let your Ego deceive you. People often say name of big deities to show off, when they themselves are confused. Worship a deity, who can comfort you, he or she does not need to have a big doctrine associated, or big place of worship. If such a deity helps you when you are fallen, worship that deity day and night. After worshipping many deities in past, I can say "Those who seem to be something, often added nothing." Be favorite of a Deity who promises both monetary and spiritual gift. Yes, Deities have their favorites too.


If you ever get response of such a deity, do everything to be his or her favorite. Devotion and Lifelong guidance of a benevolent deity can move Mountains.

- > Capricorn is an earth sign of Spiritual and other discipline. See which house Capricorn gets in your birth chart, one of the good ways to get a good vibration of this zodiac is to have a Spiritual practice daily. Its Lord is Saturn which demands some core discipline in life. Kriya yoga is an excellent spiritual practice. If you are initiated in Kriya, do it everyday. People often get lethargy or demotivated when they don't get darshan. But I would say, believe in the process of Kriya. It has the power to defeat the Irony that is inside you and pulling you back.
- > Virgo is another earth sign, and its Lord Mercury instructs to be financially aware. Mercury also gets exaltation in Virgo. And to have money, one has to be money conscious, investment and financial wisdom. Gemini, another sign of Mercury demands passion in whatever you do. Unless you are passionate of getting Rich, you can't.
- > Never pray as stoic (Vairagya) in front of a deity if you really need some materialistic blessings. I have seen people ask someone to pray on their behalf and that other person prays something that is not actually heart desire. Like, you want a car, and you ask your pastor or priest to pray, and he pray a prayer which has a spirit of renunciation. It is less likely you will have good monetary position to buy a car. Be shameless in your prayer, there is nothing wrong to be open in front of a deity. If I want to have billions, I will pray that desire to Lord Shiva and leave that matter to Him. Never fool yourself. Pray your heart's desire to a deity. Don't let other teach you what you should pray or not, if you need some correction in your demand and dignity, the Deity Himself will guide you.
- > Properly given gemstones and Rudraksha work. There are many instances when a good quality gemstone helped a person. If one can afford, he or she can take a good Astrologer's consultation to get one.
- > Sometimes some people's condition is so worse to do any astrological improvement. Let them pray to Lord Shiva who can swallow their poverty by himself.

Do Abhisek of Lord Shiva whenever you can. Have a clean life and live in a meaningful way.

#### I give my obeisance to lotus feet of my Gurubaba and Guru maa





Everything I write, think, or experience is a result of the boundless grace of my revered Guruji. Whatever is auspicious, pure, and uplifting in life occurs under the light of his blessings. If an action emerges from within me, driven by desire, attachment, or ego, it's an unfortunate outcome of my limited intellect and lack of discernment.

All that I've written in the past has been born of the waves of the Guru's grace flowing through my heart. Whenever that divinity revealed itself within me, words descended naturally. The feelings awakened within would manifest outward as expression. Even today, that same divine touch urges me to write once again.

The Path of Surrender is the ultimate truth these stories reveal. The story of Shri Krishna and his flute deeply touches my heart. When the Gopis asked the flute, "How do you always remain so close to the Lord?", the flute replied softly, "I am empty from within. I have kept nothing inside me. The Lord plays me however and whenever He pleases - I simply flow with His will." This emptiness, this complete surrender, is the path through which the Divine breath flows within us. When this sacred life-force moves through the energy centers within the seven chakras - it fills life with the joy of all seven colours. Every colour, every experience, becomes an extension of the Divine play.

The truth is, this entire creation, this vast cosmos, is set in motion by God's design and command. But our vision is limited, our ego dominant, and our mind self-centred hence we fall into the illusion that we are the doers. This story shows we're just instruments in God's grand play, temporary actors in an eternal drama.

After the war of the Mahabharata, Bhima proudly proclaimed, "I slew countless mighty warriors." Arjuna, too, boasted of his valour, saying, "It was I who decided the outcome of the war." Filled with pride, the Pandavas approached Lord Krishna and asked, "Lord, tell us - who was the greatest warrior in this war?" Krishna smiled, but did not answer. Instead, He took them to Barbarik the silent observer of the entire war. When the same question was posed to him, Barbarik humbly replied, "I saw only Shri Krishna active throughout the battle. In every direction, every moment, every situation it was He alone who was orchestrating all actions.

You were all merely His instruments." This answer dissolved the Pandavas' pride.

This story teaches us the same deep truth our life and our very breath are not mere biological phenomena, but a sacred vibration granted by the Divine. When we breathe, it's not just air, but the touch of God that flows within us. It is by that power that our life functions, and through that power, the world moves.

When we act not out of ego but in alignment with His will-when we surrender fully and let go of our desires-then we receive His true love, respect, and closeness. Even Ramanamaharshi, the great sage, once said, "Not even a single atom in this universe can move without the will of God."

Becoming Like the Flute- If we, too, become like the flute-empty from within, free of desire, fear, attachment, anger, and ego and surrender entirely to the will of the Lord, our life becomes a melodious song. In this journey, we can only discover ourselves and strive to truly know who we are.

The Cosmos Within Us- renowned scientist Carl Sagan once said, "We are a way for the universe to know itself. Some part of our being knows this is where we came from. We long to return. And we can, because the cosmos is also within us. We're made of star stuff."

Transformation only happens through Surrender- When we offer all our joy and sorrow, hopes and disappointments, victories and failures at the feet of the Divine, life's struggle transforms into bliss. And in that surrender, we come as close to the Lord as the flute rests upon His lips in every moment, in every note.

Om ayam gambhīram nayatu vratena, sarvam jagat sthāvarā jangamam ca,

#### Hindi Translation दिव्य प्रवाहः समर्पण और आत्मबोध की यात्रा

"गुरु ही समस्त जीवन का आधार हैं। उनके बिना न तो कोई ज्ञान संभव है, न ही कोई सच्चा अनुभव। जो भी मैं सोचता हूँ, लिखता हूँ या अनुभव करते हूँ - वह सब हमारे श्रद्धेय गुरु की असीम कृपा का ही प्रतिफल होता है। जीवन में जो भी शुभ, पवित्र और कल्याणकारी घटित होता है, वह केवल उनके आशीर्वाद की छाया में ही संभव है। और यदि कभी मुझसे कोई वासनात्मक, मोहजन्य या अहंकारपूर्ण कार्य होता है, तो वह मेरी सीमित और विवेकहीनता का परिणाम होता है।"

पिछले समय में मेरे द्वारा जो भी लिखा गया- वह सब मेरे अंतःकरण में प्रवाहित हो रही गुरु-कृपा की तरंगों से ही जन्मा। जब भी वह दिव्यता भीतर प्रकट हुई, शब्द स्वयं मेरे भीतर उतरते गए। जो अनुभूति भीतर जागी, वही शब्द बनकर बाहर प्रकट हो गई। आज भी वही अनुभूति, वही प्रभु-स्पर्श, मुझे प्रेरित कर रहा है कि पुनः उसे व्यक्त करूं।

श्रीकृष्ण और उनकी बांसुरी की कथा मेरे हृदय को अत्यंत गहराई से स्पर्श करती है। जब गोपियों ने बांसुरी से पूछा कि "तुम सदा प्रभु के इतने समीप कैसे रहती हो?" , तो बांसुरी ने शांत स्वर में उत्तर दिया - "मैं भीतर से पूरी तरह रिक्त हूँ। मैंने अपने अंदर कुछ भी नहीं रखा। प्रभु जब जैसा चाहें, मुझे बजा लेते हैं- और मैं बस उनकी इच्छाओं की लहरों में बहती रहती हूँ।" यही रिक्तता, यही पूर्ण आत्म-समर्पण, वह मार्ग है जिससे प्रभु हमारे भीतर प्राणरूप में प्रवाहित होते हैं। यही प्राण जब हमारे भीतर स्थित ऊर्जा केंद्रों- सप्तचक्रों से गुजरता है, तो वह जीवन को सप्तवर्णीय आनंद से भर देता है। हर रंग, हर अनुभव, प्रभु की लीला का विस्तार बन जाता है।

सत्य यह है कि यह संपूर्ण सृष्टि, यह ब्रह्मांड - ईश्वर की रचना और संचालन में ही गतिशील है। लेकिन हमारी दृष्टि सीमित है, अहंकार प्रबल है, और हमारा मन आत्म-केंद्रित है इसलिए हमें यह भ्रम होता है कि हम ही कर्ता हैं, हम ही नियंता हैं। जबकि वास्तव में हम तो केवल माध्यम हैं- ईश्वर की दिव्य लीला में एक क्षणिक पात्र।

इस बात को एक कथा के माध्यम से और भी स्पष्ट रूप से समझा जा सकता है -

#### पांडवों का अहंकार और बर्बरीक का उत्तर:-

महाभारत के युद्ध के पश्चात भीमसेन ने गर्व से कहा, "मैंने कितने ही बलशाली योद्धाओं का संहार किया।" अर्जुन ने भी अपने पराक्रम का वर्णन करते हुए कहा, "युद्ध का निर्णय तो मैंने ही किया।" इस प्रकार अहंकार में डूबे पांडव भगवान श्रीकृष्ण के पास पहुँचे और पूछने लगे - "प्रभु, बताइए युद्ध में सबसे महान योद्धा कौन था?" कृष्ण मुस्कराए, पर कोई उत्तर नहीं दिया। वे उन्हें बर्बरीक के पास ले गए - वह वीर योद्धा जिसने युद्ध की सम्पूर्ण गाथा मौन रहकर देखी थी। जब पांडवों ने बर्बरीक से वही प्रश्न दोहराया, तो उसने उत्तर दिया- "मैंने तो संपूर्ण युद्ध में केवल श्रीकृष्ण को ही सक्रिय देखा -

हर दिशा, हर क्षण, हर स्थिति में वही थे जो सबको संचालित कर रहे थे। आप सब तो केवल उनके माध्यम भर थे।" यह उत्तर मानो पांडवों के अहंकार को शून्य कर गया। और यह हमें भी यह गूढ़ सत्य सिखाता है -

हमारा जीवन, हमारी साँसे केवल एक शारीरिक प्रक्रिया नहीं, बल्कि ईश्वर की ओर से दिया गया एक दिव्य स्पंदन है। जब हम साँस लेते हैं, तो वह प्राणशक्ति परमात्मा का स्पर्श हमारे भीतर प्रवाहित होती है। उसी शक्ति से हमारा जीवन चलता है, और उसी से यह संसार गितशील है। हमारा अस्तित्व कोई स्वतंत्र सत्ता नहीं, बल्कि ईश्वर की रची हुई एक अनुपम लीला का भाग है, जिसमें हमें केवल अपनी भूमिका निभानी होती है। जब हम किसी की इच्छा के अनुसार- विशेषकर प्रभु की इच्छा के अनुरूप - अपने अहंकार को छोड़कर समर्पणपूर्वक कार्य करते हैं, तभी हमें उनका सच्चा प्रेम, सम्मान और समीपता प्राप्त होती है।

रमणमहर्षि ने भी यही बताया कि - "इस ब्रह्मांड में एक परमाणु भी ईश्वर की अनुमित के बिना संचालित नहीं हो सकता।" यह वाक्य स्वयं में इतना गहरा है कि जीवन के सारे भ्रमों को मिटा सकता है। यदि हम भी उस बांसुरी की तरह स्वयं को भीतर से खाली कर दें- वासनाओं, भय, मोह, क्रोध और अहंकार को त्यागकर - पूरी तरह प्रभु की इच्छा पर समर्पित हो जाएं, तो हमारा जीवन भी एक मधुर राग बन जाएगा। इस यात्रा में हम केवल स्वयं को खोज सकते हैं।

प्रसिद्ध वैज्ञानिक कार्ल सेगन ने भी कहा थाः "हम ब्रह्मांड को स्वयं को जानने का एक माध्यम हैं। हमारे अस्तित्व का एक हिस्सा जानता है कि हम यहीं से आए हैं, हम लौटने की इच्छा रखते हैं। और हम लौट सकते हैं, क्योंकि ब्रह्मांड हमारे भीतर भी है। हम तारों के तत्वों से बने हैं।"

जब हम अपने सुख-दुख, आशा-निराशा, विजय-विफलता - सब कुछ ईश्वर के चरणों में अर्पित कर देते हैं, तब जीवन का संघर्ष आनंद में परिवर्तित हो जाता है। और तब हम प्रभु के उतने ही समीप आ जाते हैं, जितनी समीप बांसुरी उनके अधरों से होती है- हर पल, हर स्वर में।

🕉 आयं गम्भीरं नयतु व्रतेन ।


सर्वं जगत्स्थावरा जङ्गमं च।


एको देवः सर्वभूतेषु गूढः ।

सर्वव्यापी सर्वभूतान्तरात्मा ॥



# Dear seekers!





Gurudev's renowned Bengali book "Kriya Yoga: Jiggyasa O Mimangsha" is now available in Hindi and English. The books are available for purchase from Ashram Website!

### "Neel Sasthi Puja Celebration @ RYKYM"







ক্রে রুদেবের চরণ স্মরণ করে মা, গুরুদেব ও ঈশ্বর—এই তিন ভাব হৃদয়ে যেভাবে ধারণ করি, তাই লেখার এই ক্ষুদ্র প্রচেষ্টা।

প্রথমেই বলি মায়ের কথা। জ্ঞান হওয়ার পর থেকে দেখে আসছি মায়ের সদা আনন্দময় মূর্তি। কোনওদিনও মা খুব জ্ঞান বা উপদেশ কিছু দিতেন না, কিন্তু মায়ের জীবনযাপন এমনই ছিল য়ে, সেটিই ছিল আদর্শ উপদেশ। মা আমাদের পরিবারের সকলের য়য়্ল করতেন, খেয়াল রাখতেন, কিন্তু বিনিময়ে কিছু প্রত্যাশা করতেন না। নিজের আনন্দে নিজে থাকতেন। ভালো বই পড়তেন, গান করতেন, আমাদের সাথে খেলতেন, আমাদের পড়াতেন, কিন্তু কোনওদিনও মায়ের মুখে আমি কোনও নিন্দা বা সমালোচনা শুনিনি। মা খুব শরণাগত আর সমর্পিত ছিলেন জগৎজননী মা সারদার চরণে; বলতেন, "সবই মা সারদা দেখছেন।" কী অসম্ভব বিশ্বাসের জোর ছিল মায়ের! য়ত বড় সমস্যাই হোক না কেন, মা কখনও সেটা নিয়ে কোনও উদ্বেগ প্রকাশ করতেন না, বলতেন, "জননী আমার আছেন, উনি সব দেখবেন।" মায়ের জীবনযাপন ছিল খুব সাধারণ। সাদা লাল পাড়ের শাড়ি পরতেন, কিন্তু সেটাই খুব পরিচ্ছন্ন আর পরিপাটি করে পরতেন। মায়ের দিকে তাকালেই একটা অদ্ভুত স্লিগ্ধ ভাব লাগত। স্লেহ, স্লিগ্ধতা আর প্রসন্নতা—সব যদি এক হয়ে মূর্তি ধারণ করত, তিনিই যেন আমার মা। আমাদের বাবা ও মায়ের পরিবারের সকলে, এমনকি রামকৃষ্ণ পাঠচক্রের পরিচিত সকলেও মাকে অত্যন্ত ভালোবাসতেন। নির্মল, প্রসন্নময়, সমর্পিত এক শুদ্ধ সত্তা ছিলেন আমার মা। ছিলেন, কারণ আজ ছয় মাস হল মা ফিরে গেছেন রামকৃষ্ণলোকে, তাঁর জননী সারদা মা-র কাছে।

এবার বলি মায়ের কথা কেন বললাম। কারণ, মায়ের আশীর্বাদই ছিল জীবনের প্রথম গুরুক্পা। মায়ের শুদ্ধ সত্তা আশীর্বাদের মতো আমাকে গুরুদেবের স্মরণের দিকে এগিয়ে দিয়েছে।

আদি শঙ্করাচার্য তাঁর 'বিবেকচূড়ামণি'-তে বলেছেন,

#### দুর্লভং ত্রয়মেবৈতদ্ দেবানুগ্রহহেতুকম্। মনুষ্যত্বং মুমুক্ষুত্বং মহাপুরুষসংশ্রয়ঃ॥

অর্থাৎ, এই তিনটি জিনিস एकत्र হওয়া অত্যন্ত দুর্লভ এবং তা কেবলমাত্র দৈব অনুগ্রহেই সম্ভব হয় —মনুষ্যজন্ম লাভ, ঈশ্বরকে উপলব্ধি করার ইচ্ছা এবং মহাপুরুষের সংস্রব অর্থাৎ সদ্পুরুর সংস্পর্শ, যিনি ঈশ্বর উপলব্ধি করাতে পারেন। গুরুবন্দনায় বলা হয়েছে, 'জয় সদ্পুরু ঈশ্বর প্রাপক হে', অর্থাৎ সদ্পুরু তিনিই, যিনি নিজে ঈশ্বরকে উপলব্ধি করেছেন।

এখন প্রশ্ন হচ্ছে, সদ্পুরু কীভাবে বোঝা যাবে? বাহ্যিকভাবে এমন কী লক্ষণ বা গুণ আছে, যা দেখে বোঝা যায় তিনি সদ্পুরু? মন্দিরে গিয়ে জগৎমাতার সামনে বসলে যেমন প্রশান্ত অনুভূতি হয়, সব প্রশ্ন থেমে গিয়ে অন্তর এক না-বলা আনন্দে পূর্ণ হয়ে যায়, সদ্পুরু-সংস্পর্শে এলেও মন তেমনি প্রশান্ত আনন্দে পরিপূর্ণ হয়ে যায়।

প্রশ্ন থেমে গিয়ে অন্তর নিজেই নিজেকে উত্তর দিতে থাকে—ইনিই তিনি। গুরুদেবের সমস্ত শিষ্য এই আনন্দ অনুভব করে বলেই তো বারবার সেখানে ছুটে যায়!

তাঁর সদানন্দময়, প্রশান্ত, শুদ্র রূপ। ভালোবাসা যদি মূর্তি নিতে পারত, তবে তা গুরুদেবের রূপে পরিণত হতো। পরম গুরুদেবের জন্মদিনের এক অনুষ্ঠানে গুরুদেব তাঁর নিজের গুরু শ্রী শ্রী দুবেজী মহারাজের কথা বলতে গিয়েও এই একই কথা বলেছিলেন। তাঁর গুরুদেব যেন শুধুমাত্র ভালোবাসা দিয়েই তৈরি! কত দূর থেকে, কত কষ্ট করে তিনি আসতেন শুধুমাত্র তাঁর শিষ্যরা ঠিকমতো ক্রিয়া করতে পারছে কিনা তা জানতে! আসতেন তাদের এই জীবনের আনন্দময় প্রাপ্তির দিকে এগিয়ে দিতে।

এই আনন্দময় অবস্থা প্রাপ্ত হওয়াই ঈশ্বর উপলব্ধি।


শুত্র বন্ধ পরিহিত যে সদানন্দময় ভালোবাসার প্রতিমূর্তিকে মন গুরুদেব বলে জানে, যাঁর কাছে বসলেই মন প্রশ্নহীনভাবে আনন্দময় হয়ে ওঠে, যাঁকে মনে মনে ভাবলেও মন কী এক অজানা সুবাসে ভরে ওঠে—তিনি হলেন সেই আধার, যেখানে পরম্পরাগতভাবে সমস্ত গুরুদেবরা লীন হয়ে আছেন। আগুন আর তার দাহিকা শক্তি যেমন আলাদা করা যায় না, তেমনি গুরুদেব ও ঈশ্বর আলাদা নন।

ঈশ্বরকে পাওয়া মানে সেই আনন্দময় অবস্থা প্রাপ্ত হওয়া, যেখানে থাকলে মন সবার মধ্যেই শিবকে দেখে। তাই তার চাওয়াও নেই, পাওয়াও নেই; হিংসাও নেই, দ্বেষও নেই। অহং-ও নেই, 'আমি'-ও নেই। তাই সে তখন প্রেমময়, আনন্দময়। তাই গুরুদেবই ঈশ্বর, আবার ঈশ্বরই গুরুদেব। পথও তিনি, আবার পথের লক্ষ্যও তিনিই।

গুরুদেব বলেন, তিনি চান তাঁর শিষ্যরা সবাই গুরুদেব হয়ে উঠুক। অর্থাৎ, তিনি চান আমরা সকলেই ক্রিয়াযোগে সঠিক যুক্ততার মাধ্যমে সেই আনন্দময় ও প্রেমময় অবস্থা প্রাপ্ত হই, অর্থাৎ ঈশ্বরকে উপলব্ধি করি।

জয় গুরুদেব।





ক্র য়াযোগের অভ্যাসের জন্য আমাদের অবচেতন মনের শক্তিকে ব্যবহার করার বিষয়টি যেন এক গভীর রহস্যের মতো। আমাদের ভেতরের সেই নীরব, অথচ শক্তিশালী জগৎ, যা আমাদের অজান্তেই কত কিছু নিয়ন্ত্রণ করে! সেই শক্তিকে যদি আমরা ক্রিয়াযোগের পথে চালিত করতে পারি, তবে এই অভ্যাসটি আমাদের জীবনে কতটা সহজে মিশে যেতে পারে, তা ভাবলেই অবাক লাগে।

সচেতন মন, যা দিয়ে আমরা প্রতি মুহূর্তে ভাবছি, সিদ্ধান্ত নিচ্ছি — এটা যেন দিনের আলোর মতো স্পষ্ট। কিন্তু এর গভীরে লুকিয়ে আছে অবচেতন মন, অনেকটা গভীর সমুদ্রের মতো, যেখানে আমাদের পুরনো অভ্যাস, বিশ্বাস আর না বলা অনুভূতিরা ঢেউ তোলে। আর অচেতন মন? সে তো আরও গভীর, যেন এক রহস্যময় অন্ধকার জগৎ, যা হয়তো আমাদের ধরাছোঁয়ার বাইরে থেকেও আমাদের অনেক কিছু নিয়ন্ত্রণ করে। তবে হ্যা, সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো সেই অবচেতন মন। ওটাই যেন আমাদের অভ্যাসের চালিকাশক্তি। আমরা যখন কোনো কাজ বারবার করি, তখন সেই অভ্যাস অবচেতনে গেঁথে যায়, অনেকটা পুরনো বন্ধুর মতো, যাকে আর মনে করানোর প্রয়োজন হয় না, সে নিজেই এসে হাজির হয়।

এখন প্রশ্ন হলো, এই বন্ধুর মতো অবচেতন মনকে আমরা ক্রিয়াযোগের অভ্যাসের দিকে কিভাবে আকৃষ্ট করব? কিভাবে তার ভেতরের শক্তিকে জাগিয়ে তুলব? কিছু সহজ অথচ গভীর কৌশল আছে, যা আমাদের এই পথে সাহায্য করতে পারে।

অবচেতন মনের (subconscious mind) শক্তিকে কাজে লাগিয়ে যেকোনো অভ্যাস — বিশেষ করে ক্রিয়াযোগের মতো আধ্যাত্মিক অভ্যাস — গড়ে তোলা অত্যন্ত ফলপ্রসূহতে পারে। কারণ আমাদের বেশিরভাগ স্বভাব, চিন্তা এবং অভ্যাস মূলত অবচেতন মন থেকেই চালিত হয়। এই কারণে, মনের বিভিন্ন স্তর এবং তাদের বৈশিষ্ট্য সম্পর্কে স্পষ্ট ধারণা থাকা অপরিহার্য। মনের প্রকারভেদগুলি আমাদের চিন্তা, অনুভূতি, আচরণ এবং অভ্যাসকে গভীরভাবে প্রভাবিত করে। সাধারণভাবে মন তিনটি স্তরে কাজ করে এবং প্রতিটি স্তরের নিজস্ব কার্যকারিতা ও প্রভাব রয়েছে।

#### ১. সচেতন মন (Conscious Mind)

সচেতন মন আমাদের দৈনন্দিন জীবনের চিন্তা, অনুভূতি এবং সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াকে নিয়ন্ত্রণ করে। এটি আমাদের মানসিক জগৎ ও আচরণের একটি গুরুত্বপূর্ণ অংশ। আমাদের প্রতিদিনের অভিজ্ঞতা এবং বিভিন্ন ধরনের চিন্তাভাবনা ও অনুভূতির মধ্যে পার্থক্য তৈরি করাই হলো সচেতন মনের কাজ।

#### সচেতন মনের কাজ:

5.5 চিন্তা ও বিশ্লেষণ: সচেতন মন আমাদের চিন্তাভাবনা, বিশ্লেষণ এবং উপলব্ধির ক্ষেত্রে সক্রিয়

**July 2025** 

ভূমিকা পালন করে। এটি সমস্যা সমাধানে, সিদ্ধান্ত গ্রহণে এবং আমাদের অভিজ্ঞতা মূল্যায়নে সাহায্য করে। কোনো সিদ্ধান্ত নেওয়ার সময় বা সমস্যার সমাধানে সচেতন মন সরাসরি যুক্ত থাকে।

## সচেতন মনের কার্যাবলী চক্র



ভূমিকা পালন করে। এটি সমস্যা সমাধানে, সিদ্ধান্ত গ্রহণে এবং আমাদের অভিজ্ঞতা মূল্যায়নে সাহায্য করে। কোনো সিদ্ধান্ত নেওয়ার সময় বা সমস্যার সমাধানে সচেতন মন সরাসরি যুক্ত থাকে।

১.২ অনুভূতি ও প্রতিক্রিয়া: সচেতন মন আমাদের অনুভূতিগুলিকে প্রক্রিয়াকরণ করে এবং সেই অনুযায়ী প্রতিক্রিয়া জানায়। কোনো বিশেষ পরিস্থিতিতে আমরা কেমন অনুভব করব বা প্রতিক্রিয়া দেখাব, তা সচেতন মনের দ্বারাই নিয়ন্ত্রিত হয়।

- **১.৩ মনোযোগ ও ফোকাস:** সচেতন মন আমাদের মনোযোগ কেন্দ্রীভূত করার ক্ষমতা দেয়। এটি আমাদের বর্তমান মুহূর্তে উপস্থিত থাকতে এবং কার্যকরভাবে কাজ করার জন্য প্রয়োজনীয় একাগ্রতা বজায় রাখতে সাহায্য করে।
- 5.8 স্মৃতি ও শেখা: সচেতন মন নতুন তথ্য গ্রহণ, মনে রাখা এবং শিখতে সাহায্য করে। যদিও অবচেতন মন বিপুল পরিমাণ তথ্য ধারণ করতে পারে, সচেতন মন সেই তথ্যকে প্রক্রিয়াকরণ, শ্রেণীবদ্ধ এবং প্রয়োজন অনুযায়ী স্মরণ করতে সক্ষম।
- ১.৫ স্ব-পরিচয় ও স্ব-অবধি: সচেতন মন আমাদের নিজস্ব পরিচয় এবং আত্ম-অনুভূতির ধারণা তৈরি করে। এটি আমাদের নিজেদের অনুভূতি, চিন্তা ও অভিজ্ঞতার সাথে সম্পর্ক স্থাপন করে, যা আমাদের আত্মসচেতন হতে সাহায্য করে।
- ১.৬ দৃষ্টিভঙ্গি ও মূল্যায়ন: সচেতন মন আমাদের উপলব্ধি, দৃষ্টিভঙ্গি এবং মূল্যবোধ তৈরি করে। এটি আমাদের ধারণা, মতামত এবং বিশ্বাস গঠনের প্রক্রিয়া পরিচালনা করে।
- 5.৭ ভবিষ্যৎ পরিকল্পনা ও কল্পনা: সচেতন মন ভবিষ্যৎ পরিকল্পনা করার জন্য সময় ও শক্তি ব্যবহার করে। এটি আমাদের লক্ষ্য নির্ধারণ করতে এবং ভবিষ্যতের সম্ভাব্য পরিস্থিতি সম্পর্কে ভাবতে সাহায্য করে।

#### সচেতন মনের বৈশিষ্ট্য:

সক্রিয়: সচেতন মন সর্বদা সক্রিয় থাকে এবং তাৎক্ষণিক প্রয়োজন অনুযায়ী কাজ করে।

#### সচেতন মনের বৈশিষ্ট্য



#### Anweshan

- যৌক্তিক ও বিচারবুদ্ধিসম্পন্ন: এটি বিশ্লেষণ, যুক্তি এবং সমস্যার সমাধান করতে সক্ষম।
- সীমাবদ্ধ ক্ষমতা: সচেতন মনের তথ্য ধারণের ক্ষমতা সীমিত, তাই এটি দীর্ঘ সময় ধরে একসাথে অনেক তথ্য ধরে রাখতে পারে না।
- একস্তরীয়: অবচেতন মনের মতো এটি একই সময়ে একাধিক কাজ করতে পারে না।

সচেতন ও অবচেতন মন একসাথে কাজ করে, তবে সচেতন মন মানুষের জাগ্রত চিন্তা ও কার্যকলাপের কেন্দ্রবিন্দুতে থাকে।

উদাহরণস্বরূপ, এই মুহূর্তে আপনি যখন "মনের প্রকারভেদ" নিয়ে ভাবছেন, তখন আপনার সচেতন মনই এটিকে নিয়ন্ত্রণ করছে।

#### ২. অবচেতন মন (Subconscious Mind)


অবচেতন মন হলো মনের গভীরতম স্তর, যা আমাদের সচেতন চিন্তা বা অনুভূতির বাইরে অবস্থিত। এটি অনেকটা স্বয়ংক্রিয় বা অস্বচ্ছ এক ব্যবস্থার মতো কাজ করে, যার নিয়ন্ত্রণে এমন অনেক কিছু চলে আসে যা আমরা সচেতনভাবে জানি না। আমরা যখন সচেতনভাবে কিছু ভাবি বা করি, তার বেশিরভাগ কাজ, অনুভূতি এবং অভ্যাস অবচেতন মন দ্বারাই নিয়ন্ত্রিত হয়। অবচেতন মন মূলত স্মৃতি, অভ্যাস, বিশ্বাস, ভয়, অনুভূতি এবং অন্তর্নিহিত চাহিদা ধারণ করে।

এর কার্যকারিতা প্রায় স্বয়ংক্রিয়। অর্থাৎ, আমাদের কোনো চিন্তা বা অনুভূতি যখন বারবার ঘটে বা অভ্যাসে পরিণত হয়, তখন তা অবচেতন মনে স্থায়ীভাবে গেঁথে যায় এবং পরবর্তীতে সেই অভ্যাস বা অনুভূতি আমাদের দৈনন্দিন জীবনে স্বয়ংক্রিয়ভাবে কাজ করে।

#### অবচেতন মনের বৈশিষ্ট্য:

- 5. স্বয়ংক্রিয় কার্যক্রম: অবচেতন মন কোনো বিশ্লেষণ বা সিদ্ধান্ত নেয় না, তবে এটি আমাদের দৈহিক কার্যকলাপ, অভ্যাস, চিন্তা ও অনুভূতিকে নিয়ন্ত্রণ করে। যেমন, আমাদের হাঁটার ধরন, লেখার পদ্ধতি, নির্দিষ্ট খাবার খাওয়ার অভ্যাস—এসবই অবচেতন মন দ্বারা নিয়ন্ত্রিত।
- **২. সঞ্চিত স্মৃতি:** জীবনের সমস্ত অভিজ্ঞতা, অনুভূতি, ভয় এবং স্মৃতি অবচেতন মনে জমা থাকে। যখনই কোনো ঘটনা, স্মৃতি বা অনুভূতি পুনরায় সামনে আসে, তখন এই অবচেতন স্মৃতির কারণে আমাদের মন বা শরীর প্রতিক্রিয়া দেখাতে শুরু করে।
- ৩. বিশ্বাস ও ধারণা: অবচেতন মন মূলত আমাদের বিশ্বাস ও ধারণার উপর ভিত্তি করে কাজ করে। যদি কোনো বিষয়ে আমাদের একাধিক নেতিবাচক ধারণা থাকে (যেমন "আমি যোগাভ্যাস করতে পারব না"), তবে তা অবচেতন মনে প্রবাহিত হবেই এবং সেই অনুভূতি পরবর্তীতে আমাদের আচরণে প্রতিফলিত হবে।

#### অবচেতন মনের বৈশিষ্ট্য




8. অবিচ্ছিন্ন ও শক্তিশালী প্রভাব: অবচেতন মন গভীরভাবে কাজ করে এবং এর প্রভাব এতটাই শক্তিশালী যে, সচেতন মন কখনও কখনও সেই প্রভাব কাটাতে পারে না। এই কারণেই যখন আমরা কোনো নেতিবাচক অভ্যাস বা বিশ্বাস তৈরি করি, তা পরবর্তীতে অভ্যাসে পরিণত হয়, যদিও আমরা সচেতনভাবে তা পরিবর্তন করতে চাই।

#### অবচেতন মনের কাজের প্রক্রিয়া:

**১. অভ্যাস গঠন:** অবচেতন মন অভ্যাসের উপর ভিত্তি করে কাজ করে। যখন আমরা কোনো কাজ নিয়মিতভাবে করতে থাকি, তখন সেটি একসময় অবচেতন মনে গেঁথে যায় এবং পরে সেই কাজটি একটি স্বয়ংক্রিয় অভ্যাসে পরিণত হয়।

#### অবচেতন মনের প্রক্রিয়া



- \$. স্মৃতি ও অনুভূতির ধারণ: অবচেতন মন আমাদের সমস্ত স্মৃতি ধারণ করে রাখে, এমনকি সেই স্মৃতিগুলিও যা আমরা সচেতনভাবে মনে করতে পারি না। আমাদের জীবনের প্রথম দিকের অনুভূতি—যেমন জন্মের সময়ের অনুভূতি বা শৈশবের কোনো গুরুত্বপূর্ণ ঘটনা—অবচেতন মনে গেঁথে যায় এবং পরবর্তীতে আমাদের আচরণ ও অনুভূতিকে প্রভাবিত করতে থাকে।
- ৩. আত্মবিশ্বাস এবং ভয় তৈরি: আমাদের অনেক ভয়, আত্মবিশ্বাসের অভাব বা নেতিবাচক ধারণা অবচেতন মন থেকেই আসে, যা আমরা কখনও অনুভব করি, কখনও শিখি বা জীবন থেকে প্রাপ্ত অভিজ্ঞতার মাধ্যমে তৈরি হয়। অবচেতন মন কখনোই "এটা ভুল, এটা ঠিক" বিচার করে না, বরং যেকোনো ধারণা বা অনুভূতিকে সত্য হিসেবে গ্রহণ করে।
- 8. প্রোগ্রামিং বা নিউরাল প্যাটার্ন: অবচেতন মন মূলত আমাদের নিউরাল প্যাটার্নকে প্রোগ্রামিং করে। যখন আমরা কোনো কিছু বারবার চিন্তা করি বা অভ্যাসে পরিণত করি, তখন সেটি মস্তিষ্কে একটি "প্যাটার্ন" তৈরি করে, যা পরে স্বয়ংক্রিয়ভাবে কাজ করতে থাকে।

উদাহরণস্বরূপ, যদি আমি প্রতিদিন কিছু নেতিবাচক চিন্তা করি, যেমন "আমি যোগাভ্যাস করব না" বা "আমি কোনো একটি কাজে সফল হতে পারব না", এটি একসময় আমার মস্তিষ্কে একটি স্থায়ী প্যাটার্ন তৈরি করবে, যা পরবর্তীতে স্বয়ংক্রিয়ভাবে আমার মনোভাব ও আচরণকে প্রভাবিত করবে।


#### ৩. অচেতন মন (Unconscious Mind)

এটি মস্তিষ্ণের গভীর স্তর, যা সচেতন ও অবচেতন মনের বাইরে। এটি আমাদের অভ্যন্তরীণ বিশ্বাস, অভ্যাস, অনুভূতি এবং আচরণের মূল নিয়ন্ত্রক। এটি অটো-পাইলটের মতো কাজ করে, যার প্রভাব আমাদের প্রতিদিনের সিদ্ধান্ত, আচরণ এবং অনুভূতিতে দৃশ্যমান হয়। অচেতন মন নেতিবাচক বা ইতিবাচক বিশ্বাস গ্রহণ করে এবং আমাদের জীবনের অভ্যাস ও কার্যকলাপ পরিচালনা করে। এটি আমাদের জীবনকে প্রভাবিত করে, তবে আমরা সচেতনভাবে এর কাজ ও প্রভাব বুঝতে পারি না। মনের এই স্তরটি তুলনামূলকভাবে কম গুরুত্বপূর্ণ।

#### অচেতন মনের কাজ :

- **১. অভ্যাস গঠন :** যেকোনো কাজ বা চিন্তা যদি বারবার করা হয়, সেটি অচেতন মনে চলে যায় এবং স্বয়ংক্রিয়ভাবে অভ্যাসে পরিণত হয়।
- **২. স্মৃতি ধারণ :** জীবনের সব ধরনের স্মৃতি, বিশেষত শৈশবের স্মৃতি, ভয় এবং অভিজ্ঞতা অচেতন মনে জমা থাকে।
- ৩. বিশ্বাস ও অনুভূতি : অচেতন মন আমাদের গভীর বিশ্বাস, ভীতি এবং অনুভূতিগুলো ধারণ করে এবং তা আমাদের আচরণে প্রভাব ফেলে।

#### অচেতন মনের কার্যাবলী



8. প্রোগ্রামিং বা নিউরাল প্যাটার্ন : একাধিকবার কোনো বিষয় মনে করা বা অভ্যাস করা অচেতন মনের মধ্যে স্থায়ী প্রোগ্রাম তৈরি করে।

এটি মস্তিষ্ণের গভীর স্তর, যা সচেতন ও অবচেতন মনের বাইরে। এটি আমাদের অভ্যন্তরীণ বিশ্বাস, অভ্যাস, অনুভূতি এবং আচরণের মূল নিয়ন্ত্রক। এটি অটো-পাইলটের মতো কাজ করে, যার প্রভাব আমাদের প্রতিদিনের সিদ্ধান্ত, আচরণ এবং অনুভূতিতে দৃশ্যমান হয়। অচেতন মন নেতিবাচক বা ইতিবাচক বিশ্বাস গ্রহণ করে এবং আমাদের জীবনের অভ্যাস ও কার্যকলাপ পরিচালনা করে। এটি আমাদের জীবনকে প্রভাবিত করে, তবে আমরা সচেতনভাবে এর কাজ ও প্রভাব বুঝতে পারি না। মনের এই স্তরটি তুলনামূলকভাবে কম গুরুত্বপূর্ণ।

#### কেন অবচেতন মন সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ?


অবচেতন মন (Subconscious Mind) মানুষের মানসিক প্রক্রিয়ার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ, কারণ এটি আমাদের দৈনন্দিন জীবন, আচরণ, অনুভূতি এবং সিদ্ধান্ত গ্রহণের অনেক কিছু নিয়ন্ত্রণ করে। নিচে কিছু কারণ দেওয়া হলো, কেন অবচেতন মন সবচেয়ে গুরুত্বপূর্ণ:

- **১. আচরণ এবং অভ্যাস নিয়ন্ত্রণ করে:** অবচেতন মন আমাদের প্রতিদিনের অনেক আচরণ ও অভ্যাস নিয়ন্ত্রণ করে। আমরা যখন কোনো কিছু পুনরাবৃত্তি করি, যেমন দাঁড়িয়ে থাকা বা গাড়ি চালানো, তখন আমাদের অবচেতন মন এসব কাজ পরিচালনা করে।
- ২. ইচ্ছাশক্তি এবং বিশ্বাস তৈরি করে: অবচেতন মন আমাদের ইচ্ছাশক্তি এবং বিশ্বাস তৈরি করে। আমরা যেমন বিশ্বাস করি যে আমরা কিছু করতে পারব, তা অবচেতন মনেই প্রতিষ্ঠিত থাকে। এর ফলে আমাদের আত্মবিশ্বাস এবং জীবনের প্রতি সাধারণ মনোভাব গড়ে ওঠে।
- ৩. অজ্ঞান স্মৃতি সংরক্ষণ করে: অবচেতন মন আমাদের অতীতের অভিজ্ঞতা, স্মৃতি এবং বিভিক্<u>চ2</u> অনভতি সংরক্ষণ করে। যদিও আমরা সচেতনভাবে এসব স্মৃতি মনে না রাখি,

কিন্তু এগুলি আমাদের চিন্তা ও প্রতিক্রিয়ার উপর গভীর প্রভাব ফেলতে পারে।

- 8. আবেগ এবং অনুভূতি নিয়ন্ত্রণ করে: অবচেতন মন আমাদের গভীর আবেগ, ভয়, দুঃখ, আনন্দ এবং অন্যান্য অনুভূতি সংরক্ষণ করে। এই অনুভূতিগুলি আমাদের প্রতিক্রিয়া তৈরি করতে সাহায্য করে।
- ৫. স্বাস্থ্য এবং শারীরিক অবস্থা প্রভাবিত করে: ইতিবাচক চিন্তা এবং বিশ্বাস অবচেতন মনকে শারীরিক এবং মানসিক স্বাস্থ্য উন্নত করতে সাহায্য করতে পারে, বিপরীতভাবে নেতিবাচক ধারণা স্ট্রেস বা অন্যান্য শারীরিক সমস্যা সৃষ্টি করতে পারে।
- ৬. সৃজনশীলতা এবং সমস্যা সমাধান করে: অনেক সময় যখন সমস্যার সমাধান খুঁজে পাওয়া যায় না, তখন অবচেতন মন অজ্ঞাতভাবে কাজ করতে থাকে এবং একটি সৃজনশীল সমাধান বা আইডিয়া নিয়ে আসে।
- ৭. অভ্যন্তরীণ শান্তি প্রদান করে: অবচেতন মন আমাদের অভ্যন্তরীণ শান্তি এবং সান্ত্বনার অনুভূতি তৈরি করতে পারে। আমাদের চিন্তা এবং অনুভূতির অস্থিরতার মধ্যে, অবচেতন মন আমাদের সামঞ্জস্য এবং সমতার অনুভূতি দেয়, যা আমাদের জীবনের চ্যালেঞ্জগুলো মোকাবিলায় সাহায্য করে।
- ৮. ইতিবাচক অঙ্গীকার গ্রহণ করে: প্রতিদিন ইতিবাচক চিন্তা বা "অঙ্গীকার" করার মাধ্যমে আমরা আমাদের অবচেতন মনকে নতুন বিশ্বাস বা দৃষ্টিভঙ্গি গঠনে সাহায্য করতে পারি।যখন আমরা স্বেচ্ছায় কোনো ইতিবাচক চিন্তা বা অভ্যাস গড়ে তুলি, তখন তা অবচেতন মনেও বসে যায় এবং আমাদের জীবনে ইতিবাচক পরিবর্তন নিয়ে আসে।

#### অবচেতন মনের প্রভাব



#### Anweshan

যদি আমরা অবচেতন মনকে নিয়ন্ত্রণ বা সচেতনভাবে পরিবর্তন করতে পারি, তবে আমরা আমাদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনতে সক্ষম হতে পারি।

#### এবার দেখা যাক সচেতন মন ও অবচেতন মন কিভাবে একে অপরকে প্রভাবিত করে:

সচেতন মন যা চিন্তা করে, তা অবচেতন মন গ্রহণ করে এবং এটি স্বয়ংক্রিয়ভাবে কাজ করতে থাকে। উদাহরণস্বরূপ, আমি যদি কোনো বিষয় নিয়মিত চিন্তা করি, তাহলে একসময় সেটা আমার অবচেতন মনে গেঁথে যাবে। যেমন, "আমি যোগাভ্যাস করতে পারব না" বলে বিশ্বাস স্থাপন করলে, এটা অবচেতন মনে প্রবাহিত হবে এবং আমার আচরণে পরিবর্তন আসবে।

#### মনের এই তিন স্তরের মধ্যে সম্পর্ক:

মনের তিনটি স্তর একে অপরের সাথে আন্তঃসংযোগে কাজ করে, তবে একটি স্তর কখনও অন্য স্তরের উপর পূর্ণ নিয়ন্ত্রণ স্থাপন করে না। উদাহরণস্বরূপ, সচেতন মন যদি কোনো বিষয়ের প্রতি গভীর বিশ্বাস তৈরি করে, তবে সেটি অবচেতন মন দ্বারা প্রভাবিত হয়ে স্বয়ংক্রিয়ভাবে কাজ শুরু করবে।

#### মনের এই তিন স্তর একে অপরের সাথে যোগাযোগ করে:

সচেতন মন চিন্তা ও সিদ্ধান্ত নিয়ে কাজ করে, কিন্তু যখন কেউ কোনো অভ্যাস গড়ে তুলতে চায় বা নির্দিষ্ট কিছু করতে চায়, তখন অবচেতন মন তার অভ্যন্তরীণ বিশ্বাসকে অনুসরণ করে এবং কোনো অভ্যাস গড়ে তুলতে এটি গ্রহণ করতে বা পুনর্নির্মাণ করতে সহায়তা করে।

তাহলে এটা এখন স্পষ্ট যে কোনো অভ্যাস গড়ে তুলতে চাইলে অবচেতন মনের সাহায্য নিতেই হবে। তাহলে কিভাবে আমরা অবচেতন মনের সাহায্য নিতে পারব? খুব সহজ কিছু কৌশল অবলম্বন করে আমরা আমাদের অবচেতন মনকে প্রভাবিত করতে পারি।

#### অবচেতন মনকে প্রভাবিত করার কৌশল:

অবচেতন মনের শক্তি পরিবর্তন করা বা এটিকে প্রভাবিত করার জন্য কিছু কার্যকর কৌশল রয়েছে।

১. চিত্রকল্প (Visualization): চিত্রকল্পের মাধ্যমে যে কেউ নিজের অভ্যন্তরীণ বিশ্বাস এবং অনুভূতি পরিবর্তন করতে পারে। চিত্রকল্প মানে হলো, চোখ বন্ধ করে নিজের লক্ষ্য বা উদ্দেশ্যকে মনেপ্রাণে কল্পনা করা। এটি অবচেতন মনের শক্তি কাজে লাগাতে সাহায্য করে।

২. মন্ত্র (Affirmations) : মন্ত্র বা ইতিবাচক বাক্য তৈরি করা এবং সেগুলো বারবার আওড়ানো অবচেতন মনের শক্তি পরিবর্তন করতে সাহায্য করে। এর মাধ্যমে ইতিবাচক অনুভূতি এবং বিশ্বাস তৈরি করা যায়। উদাহরণ: "আমি শান্ত, আমি সক্ষম, আমি যোগী।"



#### অবচেতন মনকে প্রভাবিত করার কৌশল

- ২. মন্ত্র (Affirmations) : মন্ত্র বা ইতিবাচক বাক্য তৈরি করা এবং সেগুলো বারবার আওড়ানো অবচেতন মনের শক্তি পরিবর্তন করতে সাহায্য করে। এর মাধ্যমে ইতিবাচক অনুভূতি এবং বিশ্বাস তৈরি করা যায়। উদাহরণ: "আমি শান্ত, আমি সক্ষম, আমি যোগী।"
- ৩. ক্রিয়াযোগ মেডিটেশন: গুরুপ্রদত্ত ক্রিয়াযোগ মেডিটেশন অবচেতন মনের প্রোগ্রামিং করতে সাহায্য করে। এই ক্রিয়াযোগ মেডিটেশন প্রক্রিয়ায় প্রতিদিনের বিভিন্ন ভয় এবং নেতিবাচক বিশ্বাসকে পরিবর্তন করা সম্ভব।
- 8. বারবার অভ্যাস তৈরি করা : যেকোনো উদ্দেশ্য বা অভ্যাস অবচেতন মনে স্থায়ীভাবে বসিয়ে দিতে হলে, সেটা প্রতিদিন করতে হবে। প্রতিদিন কোনো কাজ করতে থাকলে সেটি এক সময় স্থাভাবিক হয়ে যাবে এবং পরে এটি অবচেতন মনে গেঁথে যাবে।

অবচেতন মন আমাদের দৈনন্দিন জীবনের অনেক কিছুই নিয়ন্ত্রণ করে, বিশেষ করে আমাদের অনুভূতি, বিশ্বাস, অভ্যাস এবং আচরণ। যদি আমরা আমাদের অবচেতন মনকে সচেতনভাবে প্রোগ্রাম করতে পারি, তবে সেটা আমাদের জীবনে সাফল্য, শান্তি এবং উন্নতি আনতে সাহায্য করতে পারে। এর জন্য ধৈর্য এবং নিয়মিত অভ্যাস প্রয়োজন, কিন্তু একবার যদি কেউ এই শক্তিকে নিয়ন্ত্রণ করতে পারে, তাহলে সে জীবনে ব্যাপক পরিবর্তন আনতে পারবে। অবচেতন মন ৯০% কার্যক্রম নিয়ন্ত্রণ করে, যা তোমার প্রতিদিনের চিন্তা ও আচরণে প্রতিফলিত হয়। তাই যদি আমরা নতুন কোনো অভ্যাস যেমন: ক্রিয়াযোগের অভ্যাস গড়ে তুলতে চাই, তবে শুধু ইচ্ছাশক্তি দিয়ে সম্ভব নয়, বরং অবচেতন মনকে সেই অভ্যাসে বিশ্বাসী করে তুলতে হবে।

#### অবচেত্র মন দিয়ে ক্রিয়াযোগ অভ্যাস গঠনের কৌশল :

ধাপ ১: স্পষ্ট সংকল্প ও অটোসাজেশন (Autosuggestion): আমরা যেমন চিন্তা করি, ধীরে ধীরে আমরা তেমনই হয়ে উঠি।

প্রয়োগ: প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে এবং রাতে ঘুমানোর আগে নিজেকে বলুন: "আমি প্রতিদিন ক্রিয়াযোগে সময় দিই। এটা আমার শান্তির উৎস।" এটি মৃদু গলায় বলা যেতে পারে অথবা কাগজে লেখা যেতে পারে। এটি ২১ দিন থেকে ৪০ দিন অনুসরণ করলে মস্তিষ্কে নতুন নিউরোপথ তৈরি হতে শুরু করে। পুনরাবৃত্তি নতুন নিউরাল পাথওয়ে তৈরি করে, যা প্রতিরোধ ছাড়াই অভ্যাসটি সম্পাদন করা সহজ করে তোলে।

ধাপ ২: Visualization (মানসচিত্র আঁকা) : মস্তিম্ব কল্পনা ও বাস্তবতার মাঝে পার্থক্য করে না।

# বাধাগুলি চিহ্নিত করুন এবং সেগুলি অতিক্রম করার জন্য বিশ্বাস পরিবর্তন করুন। কি নিজেকে একজন নিয়মিত ক্রিয়াযোগ অনুশীলনকারী হিসেবে ভাবুন। ই বুমাতে যাওয়ার আগে ক্রিয়াযোগের প্রতি আপনার প্রতিশ্রুতিকে শক্তিশালী করুন। প্রতিদিন একই সময়ে একটি নির্দিষ্ট স্থানে যোগচচা করুন। শাস্ত ও ধ্যানমগ্র হওয়ার দৃশ্য কল্পনা করুন। প্রতিদিন ক্রিয়াযোগের জন্য সময় উৎসর্গ করার সংকল্প কর

#### ক্রিয়াযোগ অভ্যাস গঠন

প্রয়োগ: প্রতিদিন ৫ মিনিট চোখ বন্ধ করে কল্পনা করতে হবে: আমি ধ্যানমগ্ন হয়ে বসে আছি। আমার শ্বাস ধীরে ধীরে গভীর হচ্ছে। আমার শরীর ও মন শান্ত, হালকা ও আলোকিত বোধ করছে। এই রূপকল্প বারবার অনুসরণ করলে অবচেতন মন সেটাকে বাস্তব অভিজ্ঞতা হিসেবে ধরে নেয়। এতে অভ্যাস তৈরি সহজ হয়।

ধাপ ৩: ক্রিয়াযোগের সুনির্দিষ্ট সময় ও স্থান নির্ধারণ : অভ্যাস গঠনের জন্য "cue বা trigger" দরকার।

প্রয়োগ: প্রতিদিন একই সময়ে যোগচর্চা করতে হবে, যেমন: সকালে সূর্য ওঠার আগে। একটা নির্দিষ্ট স্থানে শান্ত মনোযোগপূর্ণ পরিবেশ তৈরি করে নিতে হবে। মস্তিষ্ক নির্দিষ্ট জায়গা ও সময়কে সেই কাজের সঙ্গে যুক্ত করে ফেলে। ফলে একসময় এটা "auto mode"-এ চলে যায়।

ধাপ 8: Hypnagogic State ব্যবহার করা (যুম-পূর্ব স্তরে প্রোগ্রামিং) : ঘুমাতে যাওয়ার ঠিক আগের মুহূর্তে মস্তিষ্ক অবচেতন পর্যায়ে প্রবেশ করে—তখন প্রোগ্রামিং খুব কার্যকর হয়।

প্রয়োগ: শোয়ার সময় শিথিল হয়ে চোখ বন্ধ করে মনের মধ্যে এই ভাবনা আনতে হবে: "আমি প্রতিদিন ক্রিয়াযোগ যোগাভ্যাস করি। প্রতিদিন আমি আরও ক্রিয়াযোগের গভীরে যাচ্ছি।" চুপচাপ মন দিয়ে শুধু অনুভব করতে হবে, বিশ্লেষণ না করে। পরীক্ষা করলে দেখা যাবে: এই সময়ে প্রোগ্রামিং করলে সেটা গভীরভাবে মস্তিষ্কে বসে যায়।

ধাপ ৫: Self-identity পরিবর্তন করা (I am vs I do): "আমি যোগচর্চা করি" বলার চেয়ে "আমি একজন যোগসাধক" বলা বেশি প্রভাবশালী। কেননা এটা তখন নিজের পরিচয়ের সঙ্গেই জুড়ে যায়, তখন মস্তিষ্ক নিজেকে সেই আচরণে মানিয়ে নেয়।

প্রয়োগ: বারবার এটাই ভাবতে হবে যে "আমি একজন নিয়মিত ক্রিয়াযোগ অনুশীলন কারী।"

ধাপ ৬: ব্যর্থতা বা বাধা আসলে অবচেতন মনকে প্রশ্ন করতে হবে: "আমি সময় পাই না"— এটা আসলে একটা পুরোনো বিশ্বাস। প্রতিবার ব্যাঘাত ঘটলে নিজেকে জিজ্ঞেস করতে হবে: "আমার ভিতরের কোন ভয় বা বিশ্বাস আমাকে বাধা দিচ্ছে?" তারপর সেই বিশ্বাস বদলে দিতে হবে যেমন: "সময় আমি তৈরি করি, সময় আমার বাধা নয়।"

অবচেতন মনের শক্তিকে কাজে লাগিয়ে ক্রিয়াযোগের অভ্যাস গড়ে তোলা, এক গভীর আত্মঅনুসন্ধানের পথে হেঁটে চলার মতোই। আমাদের এই যে মন, বিশেষ করে তার অবচেতন অংশটা,
সে তো শুধু ভাবনার জগৎ নয়, যেন এক লুকোনো শক্তির ভান্ডার! আমাদের প্রতিদিনের অভ্যাস,
বিশ্বাস, এমনকি আমাদের আচরণ – সবকিছুর সুতো কিন্তু তারই হাতে। একবার যদি সচেতনভাবে
এই মনের গভীরে পৌঁছাতে পারি, তার সঙ্গে বন্ধুত্ব পাতাতে পারি, তাহলে শুধু ক্রিয়াযোগ কেন,
জীবনের যেকোনো ভালো অভ্যাসকেই আমরা আপন করে নিতে পারব।

তবে হাঁ, এই পথটা কিন্তু রাতারাতি তৈরি হয় না। এর জন্য প্রয়োজন ধৈর্য, ভালোবাসা আর নিয়মিত চেষ্টার। নানা রকম কৌশলের সাহায্য আমরা নিতে পারি – যেমন সুন্দর কোনো দৃশ্য কল্পনা করা, মনকে শান্ত করার মন্ত্র জপা, প্রতিদিন একটা নির্দিষ্ট সময়ে, নির্দিষ্ট জায়গায়

বসা, নিজের সম্পর্কে নতুন করে ভাবা, এমনকি ঘুমের আগে মনকে ভালো কিছুতে ডুবিয়ে দেওয়া।।

এই সবকিছু মিলিয়েই অবচেতন মনের সঙ্গে আমাদের একটা গভীর বন্ধুত্ব গড়ে ওঠে। আর যখন সেই বন্ধুত্ব সত্যি হয়, তখন ক্রিয়াযোগ আর শুধুমাত্র একটা অভ্যাস থাকে না, তা হয়ে ওঠে আমাদের জীবনটাকে সুন্দর করে দেখার নতুন একটা চশমা, এক গভীর জীবনদর্শন।

তাই, অবচেতন মনকে যদি আমরা বুঝতে শিখি, তাকে ঠিকমতো কাজে লাগাতে পারি, তাহলে ক্রিয়াযোগের পথটা শুধু সহজই হয় না, এক অনবদ্য আত্ম-উন্নয়নের সফরে পরিণত হয়। এখন প্রশ্ন একটাই — আমরা কি তৈরি আমাদের মনকে সঙ্গী করে, এই সুন্দর অভ্যাসের হাত ধরে জীবনের নতুন দিগন্ত উন্মোচন করতে?

যদি আমাদের উত্তর 'হঁয়া' হয়, তবে নিশ্চিত থাকুন, ক্রিয়াযোগের এই সাধনায় অবচেতন মনের শক্তি আমাদের পরম বন্ধু হয়ে উঠবে। এই আধ্যাত্মিক পথচলা তখন হয়ে উঠবে আরও সহজ, আরও আনন্দময়। আমাদের ভেতরে যে অপার সম্ভাবনা ঘুমিয়ে আছে, তাকে জাগিয়ে তোলার জন্য একটু সচেতন চেষ্টা আর ভালোবাসা দিয়ে ধৈর্য ধরে যদি আমরা ক্রিয়াযোগের বীজ বুনে দিতে পারি মনের গভীরে, তাহলে একদিন দেখব সেই বীজ মহীরুহে পরিণত হয়েছে। তখন এই অভ্যাস আর বাইরের কিছু থাকবে না, হয়ে উঠবে আমাদের প্রতিদিনের জীবনের সুর, যা এনে দেবে আত্মিক শান্তি আর মানসিক স্থিতি।

তাই আসুন , আমরা আমাদের অবচেতন মনের এই অসীম শক্তিকে অনুভব করি এবং ক্রিয়াযোগের অমৃতধারায় অবগাহন করে এক শান্ত, সুন্দর ও উন্নত জীবনের দিকে এগিয়ে যাই। কে জানে, এই পথচলাই হয়তো আমাদের জীবনের শ্রেষ্ঠ আবিষ্কার হয়ে উঠবে!

#### তথ্যসূত্র :

১. অন্তর্জাল

২.দ্য পাওয়ার অব ইউর সাবকনশাস মাইন্ড। ড. জোসেফ মারফি। অনুবাদ : অনীশ দাস অপু



# "শ্রীরাম না সীতারাম?" -পামেলা মুখোপাধ্যায়

ত্রিনেকদিন ধরেই একটি বিতর্ক বা অপছন্দের কারণ শোনা যায়: "জয় শ্রীরাম" বললে নাকি এখানে সীতা নেই। বলা হয়, শুধু রাম আছেন এবং এক্ষেত্রে সীতাকে ছোট করা হয়। এক-দুজন ছাড়া কেউই বিষয়টি সেভাবে বুঝিয়ে বলেনও না। তাই যারা "জয় শ্রীরাম" বলেন, তারাও অনেক সময় গায়ের জোরেই বলেন, কিন্তু মনে মনে তাঁরাও কিছুটা বিভ্রান্ত থাকেন।

আসলে তা তো নয়। এই বিশ্বসংসারে কোনো কিছুই পূর্ণ হয় না শক্তি বা প্রকৃতি ছাড়া। যেমন দুর্গা বা কালী ছাড়া শিবের পূজা হয় না। পূজা তো দূরের কথা, আমাদের পরিচিত কালীর রূপই তো সেই কথাই বলে। কালী না থাকলে শিব তো শব। শক্তি তাঁর উপরে রয়েছেন, তাই তিনি শিব। আবার রাধা ছাড়া কৃষ্ণ সার্থক নন।

ঠিক সেইভাবেই 'শ্রী' শব্দের অর্থ হলো লক্ষ্মী। যদিও চতুর্বেদে 'শ্রী' শব্দের প্রয়োগ মাত্র একবার দেখা যায় এবং সেখানে তিনি সৌভাগ্যদেবী হিসেবে প্রকাশিত হননি। পৌরাণিক যুগের আগে শ্রী ছিলেন একজন পৃথক দেবী। কিন্তু পরবর্তী যুগে হঠাৎই শ্রী ও লক্ষ্মীর মধ্যে এক মিলন ঘটে যায়। তখন থেকে শ্রী পঞ্চমী বা লক্ষ্মী পঞ্চমী নামে পূজা হতে লাগল।

অতএব, এই তথ্য থেকে এটা পরিষ্কার যে 'শ্রী' শব্দের অর্থ শক্তি বা দেবী। রাম হলেন নারায়ণ ও বিষ্ণুর রূপ, আর সীতা দেবী হলেন মাতা লক্ষ্মী। তাই রাম নাম উচ্চারণ করার আগে তাঁর শক্তিকে নামে ধারণ করতেই হয়। হিন্দিতে 'সিয়ারাম', বাংলায় 'সীতারাম'। আর সেটাকেই সংক্ষেপে "শ্রীরাম" বলার অর্থ, আদতে সীতা মাতাকেই স্মরণ করা।

জয় রাম! জয় রাম! জয় সীতারাম! জয় শ্রীরাম!

#### "শিবলিঙ্গের মানে"

অজ্ঞানতার কারণে সাধারণ মানুষের মধ্যে শিবলিঙ্গ নিয়ে অনেক অপব্যাখ্যা প্রচলিত আছে। এই বিষয়ে সঠিক ধারণা না থাকায় অনেকে অন্য ধর্মের লোকদের কাছে উপহাসের পাত্র হয়ে যাওয়ার ভয়ে মনে মনে ভক্তি করলেও দেশে-বিদেশে তা প্রকাশ করতে পারেন না।

বহু মানুষ, বিশেষ করে অনেক বাঙালি মহিলা, এমনটা বিশ্বাস করেন যে এটি পুরুষ জননেন্দ্রিয়ের প্রতীক; এবং সেই কারণেই শিবের মাথায় জল ঢাললে খুব ভালো স্বামী পাওয়া যায়। এই ধারণাটি সম্পূর্ণ ভ্রান্ত। এখন শিবলিঙ্গের প্রকৃত ব্যাখ্যা আলোচনা করা যাক।

#### ১. অনন্তের প্রতীক

প্রথম এবং প্রধান ব্যাখ্যা হলো, শিবলিঙ্গ অসীম বা অনন্তের প্রতীক। বিশ্বাস করা হয়, পৃথিবী সৃষ্টির সময় মহাবিশ্ব থেকে যে জ্যোতির্ময় ঈশ্বরীয় শক্তি পৃথিবীতে পতিত হয়েছিল, সেই স্থানেই পাথরের স্তম্ভের মতো আকারে শিবলিঙ্গ প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে তারই অনুকরণে বিভিন্ন স্থানে শিবলিঙ্গ স্থাপন করা হয়েছে।

এই প্রতীকের মধ্যে সমস্ত কাল সমাহিত এবং এখান থেকেই কালের নতুন সূচনা। এর কোনো শুরু বা শেষ নেই। একটি বৃত্তাকার পথে যেমন যুরতে থাকলে কোনোদিন পথ শেষ হয় না, শিবলিঙ্গও তেমনই অনন্ত পথের প্রতীক।

#### ২. ত্রিমূর্তির সমন্বয়

শিবলিঙ্গ ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরের সম্মিলিত রূপ।

- ব্রহ্মা (সৃষ্টি): শিবলিঙ্গের সর্বনিম্ন অংশ, যা ভূমির সঙ্গে সংলগ্ন থাকে, তা সৃষ্টির দেবতা ব্রহ্মার প্রতীক।
- বিষ্ণু (স্থিতি): মাঝের অংশ, অর্থাৎ গৌরীপট্ট বা জলাধারী, যা থেকে জল প্রবাহিত হয়, তা পালনকর্তা বিষ্ণুর প্রতীক। সৃষ্টিকে রক্ষা ও প্রতিপালনের জন্য জল অপরিহার্য, এবং এই অংশটি সেই ধারণাকেই বহন করে।
- মহেশ্বর (লয়): উপরের স্বস্তাকার অংশটি হলেন স্বয়ং মহাদেব বা মহাকাল। এটি সময়ের সমাপ্তি এবং নতুন করে অনন্ত পথে যাত্রার প্রতীক।

#### ৩. ওঁ-কার (ॐ) স্বরূপ

শিবলিঙ্গের কথা "ওঁ" (ॐ) শব্দটি ছাড়া অসম্পূর্ণ। এই শিবলিঙ্গ রূপী ত্রিমূর্তিকে ধ্বনিগতভাবে ভাঙলে 'ওঁ'-কার সৃষ্টি হয়:

- অ-কার (ব্রহ্মা থেকে)
- উ-কার (বিষ্ণু থেকে)
- ম-কার (মহেশ্বর থেকে)


এই তিনটি ধ্বনি মিলিত হয়ে তৈরি করে অ+উ+ম = ওঁ (ॐ)। এই ওঁ-কার আসলে সেই জ্যোতির্ময় অনন্ত শক্তিরই শব্দরূপ। তাই শিবলিঙ্গকে প্রণাম বা স্পর্শ করার অর্থ হলো সেই অনন্তের স্পন্দনকে (Vibration of Infinity) অনুভব করার চেষ্টা করা, যার মাধ্যমে এক শুভ শক্তির আভাস পাওয়া যায়।

#### ৪. আধুনিক ধারণা

আজকাল কিছু আধুনিক তত্ত্বে, বিশেষ করে দক্ষিণ ভারতের প্রাচীন পুরাতত্ত্ব অনুসারে, শিবলিঙ্গের আকৃতির সঙ্গে আধুনিক মহাকাশযানের সাদৃশ্য খুঁজে পাওয়া যায়। এমনটাও ধারণা করা হয় যে, যখন শিব পৃথিবীতে অবতরণ করেছিলেন, তখন তিনি হয়তো এইরকমই একটি রকেট-সদৃশ যানে এসেছিলেন।

উপসংহার: শিবলিঙ্গ কোনো সাধারণ জাগতিক প্রতীক নয়, বরং এটি সৃষ্টি, স্থিতি, লয়, অনন্তকাল এবং স্বয়ং পরম ব্রহ্মের এক গভীর ও তাত্ত্বিক প্রকাশ।

ওঁ নমঃ শিবায়।



#### "আমার ক্রিয়াযোগের অভিজ্ঞতা" -দেবাশীষ মন্ডল

তা জ সকালে জ্যোতিমুদ্রায় প্রতিদিনের ন্যায় উজ্জ্বল সোনালী রঙের সুদর্শন চক্রের ন্যায় দর্শন হলো, যেটি গুরুদেব বলরাম বলেছিলেন, তাঁর মাঝে ঘন কালো- নীলাভ রঙের জগন্নাথ ও একবারে মাঝখানে হালকা পরমাত্মার জ্যোতি দেখতে পেলাম। পরমাত্মার জ্যোতির ঠিক ডানদিকে একটু উপরে পাশাপাশি দুটি তারা দর্শন হলো। এই বিষয়ে আমি গুরদেবকে জিজ্ঞাসাও করেছিলাম, উনি বলেছিলেন জগন্নাথের মধ্যে এমন জ্যোতির্মণ্ডল আছে। দর্শন হওয়ার পর মন পুরো শান্ত হয়ে গেলো। তারপর জ্যোতিমুদ্রা ত্যাগ করার পর সেই দর্শন প্রায় ১৫ থেকে ২০ সেকেন্ড থাকার পর ধীরে ধীরে চলে গেলো। কিন্তু কুটোস্থর হালকা জ্যোতি থেকেই গেলো। সেই হালকা জ্যোতির উপর দৃষ্টি রেখেছিলাম। ঠিক তখন থেকেই তিন প্রকার শব্দ শুনতে পেতে লাগলাম। মনে হলো শব্দ গুলি যেন মাথার পিছন দিক থেকে আসছে।

প্রথম শব্দটি হলো Beep শব্দ, এই শব্দটা অনেকটি আগেকার টিভিতে কেবল কানেকশন চলে যাওয়ার পর যেমন টিভিতে শোনাতো, বা কানে তালা ধরার পর যেমন একটা beep শব্দ পাওয়া যায় সেই রকম। এই শব্দটি আমি যখন এই লেখাটি লিখছি তখনও পাচ্ছি এবং সবসময়ই পাই, আশপাশ একটু শান্ত হলেই বা একটু কনসেন্ট্রেট করলেই।

দ্বিতীয় শব্দটি ব্যাখ্যা করাটা কঠিন কিন্তু তাও চেষ্টা করছি, বহুদূরে একসাথে অনেকগুলি ঢাক একসাথে এবং একইতালে বাজলে যেমন একটা সংঘবদ্ধ গমগম আওয়াজ আসে, এই আওয়াজটি ঠিক সেই রকম। মাঝে আবার যেন সেই প্রাবল্য বেড়ে যায় কয়েক সেকেন্ডের জন্য। এই দ্বিতীয় শব্দটি প্রথম শব্দটির তুলনায় গভীর এবং এটি প্রত্যেকবার সহজে শোনা যায় না।

আর তৃতীয় শব্দটি হলো সমুদ্রের জলোচ্ছ্বাসের শব্দ ও তার সাথে সাথে সমুদ্রের একটা যেমন গমগম শব্দ থাকে সেই দুটো শব্দের সংমিশ্রণ। এই শব্দটি আবার দ্বিতীয় শব্দের থেকেও গভীর এবং সহজে শোনা যায় না।

এক্ষেত্রে একটা কথা বলাবাহুল্য যে যা কিছু দর্শন বা শ্রবণের অভিজ্ঞতা আমার হয়েছে তা গুরুদেবের আশীর্বাদ ও কৃপা ছাড়া সম্ভবই ছিল না। আমি সেপ্টেম্বর ২০২৪ সে ক্রিয়া পাই, ক্রিয়ার করার প্রথম কিছুদিন দর্শন খুবই দারুন হচ্ছিল তারপর কিছুই দর্শন হচ্ছিল না। এই বিষয়ে আমি গুরুদেবকে জিজ্ঞাসাও করেছিলাম। গুরুদেব বলেছিলেন ও তো আমার আবেশের কারণে, যখন নিজে থেকে হবে আর ভালো হবে, এবং গুরুদেব আমাকে জ্যোতীমুদ্রায় একটু বেশিক্ষণ ধরে রাখতে বলেছিলেন আর আমি শুধু গুরুদেবের কথা পালন করি, আর তারপরই আমার এই দর্শন ও শ্রবণ হয়।

তাই আমি আমার শ্রদ্ধেয় গুরুদেবকে হৃদয়ের অন্তর থেকে ধন্যবাদ জানাই।



#### "সহজতম ও সর্বোৎকৃষ্ট সাধন পন্থা ক্রিয়াযোগ" -আরাধ্য মণ্ডল

ক্রি য়াযোগ সম্পর্কে আলোচনা করার ক্ষমতা আমার নেই। তবুও যাঁর কৃপায় কলম ধরেছি, তিনি হলেন আমার ক্রিয়াগুরু শ্রী সুধীন রায় মহাশয়। আমি যা কিছু বলব, তা তাঁর শিক্ষা থেকেই বলব। এ যেন গঙ্গা জলে গঙ্গা পূজা। যদি ভালো কিছু বলতে পারি, তাহলে তার কৃতিত্ব আমার গুরুদেবের, আর খারাপ কিছু বললে তার দোষ আমার নিজের।

শ্রীরামকৃষ্ণদেব বলেছেন, জীবনের প্রধান উদ্দেশ্য হলো ঈশ্বর লাভ। এখন প্রশ্ন হলো, ঈশ্বর লাভ করে আমাদের কী লাভ? আমরা জীবনে বিদ্যা, অর্থ, যশ, খ্যাতি অনেক কিছুই অর্জন করতে পারি, কিন্তু প্রকৃত শান্তি সবাই লাভ করতে পারি না। মনের মধ্যে একটা অতৃপ্তি থেকেই যায়, চাওয়া-পাওয়ার শেষ হয় না। এই চক্র অনন্তকাল ধরে চলতে থাকে। আমরা যে কর্ম করি, তার ফল জন্ম-জন্মান্তরে ভোগ করি। এইভাবে জীবন চলতে থাকলেও, কোনো চিরস্থায়ী সত্তায় আমাদের স্থিতিলাভ হয় না। একমাত্র চিরস্থায়ী সত্তা হলেন ঈশ্বর। তাই এই নশ্বর, পরিবর্তনশীল বিশ্বব্রহ্মাণ্ডে প্রকৃত শান্তি লাভ করতে হলে ঈশ্বর লাভ করা প্রয়োজন। ঈশ্বর লাভের অপর নাম হলো আত্মজ্ঞান লাভ, অর্থাৎ নিজেকে জানা।

আত্মজ্ঞান আসলে কী? সহজভাবে বলতে গেলে, আত্মজ্ঞান হলো নিজের স্বরূপকে জানা। অর্থাৎ, আমি যে কেবল চোখ, কান, নাক, জিহ্বা, ত্বক—এই পঞ্চেন্দ্রিয় বা শুধু রক্ত-মাংসের শরীর নই, আমি শাশ্বত-চিরন্তন-আনন্দস্বরূপ আত্মা। সাধনার মাধ্যমে যেদিন আমরা এই জ্ঞান লাভ করতে পারব, সেদিনই এই উপলব্ধি আমাদের হবে।

এই আত্মজ্ঞান লাভের উপায় কী? আত্মজ্ঞান লাভ করতে হলে কিছু পদ্ধতির মধ্যে দিয়ে যেতে হয়, এই পদ্ধতিগুলোকেই বলে সাধনা। সাধনার বিভিন্ন পথ রয়েছে, যেমন—জ্ঞান, ভক্তি, যোগ ইত্যাদি। তবে সাধনার প্রত্যেকটি অঙ্গের সঙ্গে যোগসাধনার প্রত্যক্ষ বা পরোক্ষ সম্পর্ক রয়েছে। যোগ বলতে আমরা বুঝি জীবের সঙ্গে ঈশ্বরের সম্পর্ক স্থাপন, অর্থাৎ পরমাত্মার সাথে জীবাত্মার যোগ। যোগসাধনা কয়েকটি ধাপের সমষ্টি। ঋষি পতঞ্জলি যোগের আটটি অঙ্গের কথা বলেছেন। এগুলো হলো—যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সমাধি।

যোগসাধনা করতে হলে আমাদের জানতে হবে যে, আমাদের সত্তাটি তিনটি বিষয়ের সমষ্টি
—দেহ, মন ও আত্মা। আমরা ততক্ষণই বেঁচে থাকি, যতক্ষণ আমাদের দেহে শ্বাস চলে। এই
শ্বাসই আমাদের প্রাণ। এই শ্বাস চঞ্চল বলে আমাদের মনও চঞ্চল হয়, আর শ্বাস নিয়ন্ত্রণে
থাকলে মন স্থির হয়। মন আসলে এই চঞ্চল শ্বাসেরই একটি রূপ। মন স্থির হলেই আমরা
আত্মদর্শন করতে পারি। যেমন, পুকুরের জলে ঢেউ থাকলে তার তলদেশ দেখা যায় না, ঠিক
তেমনই মন চঞ্চল হলে আত্মদর্শন সম্ভব হয় না।

ক্রিয়াযোগ হলো অষ্টাঙ্গ যোগের একটি বিশেষ রূপ। ক্রিয়াযোগে হঠযোগের মতো কঠিন কুম্বকের ব্যাপার নেই, আবার অষ্টাঙ্গ যোগের মতো যম-নিয়মের কঠোর বাধ্যবাধকতাও নেই। ভক্তিপথে সাধনা করতে গিয়ে মানুষ অনেক সময় খেই হারিয়ে ফেলে। আবার, অষ্টাঙ্গ যোগের কঠোর প্রাণায়াম বেশিরভাগ গৃহী মানুষের পক্ষে করা সম্ভব হয় না। তাই আমার মনে হয়, এই দুটি পথের মাঝামাঝি ক্রিয়াযোগ সংসারী মানুষের জন্য সহজসাধ্য। তার উপরেও, ক্রিয়াযোগে কোনো ভুলন্রান্তি দেখা দিলে স্বয়ং বাবাজী মহারাজ বিভিন্ন সময়ে তাঁর দিব্য দেহে এসে সাধককে সঠিক পথে চালিত করেন। ফলে ক্রিয়াযোগ সকলের পক্ষেই সহজ। এই কারণেই শ্রী শ্যামাচরণ লাহিড়ী মহাশয় আমাদের উৎসাহিত করার জন্য নিজে গৃহী হিসেবে সাধনা করে দেখিয়ে দিলেন যে, সংসারে থেকেও মন দিয়ে ক্রিয়া সাধনা করলে সর্বোত্তম অবস্থা—কৈবল্য লাভ করা সম্ভব। ক্রিয়াযোগের সবচেয়ে বড় সুবিধা হলো, সাধক যতটুকু সাধনা করেন, ঠিক ততটুকুই উপলব্ধি করতে পারেন, যা তাকে আরও উৎসাহিত করে।

লাহিড়ী মহাশয় বলেছেন, ক্রিয়াযোগ করলে সিদ্ধিলাভ করা যায়। কিন্তু কেউ যদি সফলতা নাও পায়, তবুও তাকে করে যেতে হবে। তাহলে সে ভবিষ্যতে বা পরজন্মে সেই সাধনার ফল পাবে। ছেড়ে দিলে চলবে না, তাই তিনি বলতেন—

বনত বনত, বন যায়। (করতে করতে, হয়ে যায়।)


শুধু ধর্মের গল্প করলে চলবে না, নিয়মিত ক্রিয়া করতে হবে। ক্রিয়াযোগী হরিহরানন্দ যেমন বলেছেন—


"An ounce of practice is better than tons of theory." (এক টন তত্ত্বকথার চেয়ে এক আউন্স অনুশীলন শ্রেয়।)


জয়গুরু! জয়গুরু! জয়গুরু!





# ASHRAM PUBLICATION **RYKYM**






















"আমার পূজা সৃষ্টি ছাড়া গঙ্গজলের নাইকো ছড়া, ফুল লাগে না রাশি রাশি হারিয়ে গেছে কোশা-কুশি। সরে গেছেন কালী-তারা আমি আত্ম দেখে আত্মহারা, আমার পূজা সৃষ্টি ছাড়া গঙ্গা জলের নাইকো ছড়া l ঠাকুর দেবতা গেছি ভুলি এবার শূণ্য সাথে কোলাকুলি, যুক্ত মুক্ত ত্রিবেণীতে এবার আমি ডুব মারি**।** হারিয়ে যাওয়ার কথা ভেবে নিজের পূজা নিজেই করি, আমার পূজা সৃষ্টি ছাড়া গঙ্গাজলের নাইকো ছড়া।"

- শ্যামাচরণ ক্রিয়াযোগ ও অদ্বৈতবাদ থেকে সংগৃহীত